

স্মারক নং- আঞ্চঃপরিঃ/খুলঃবিঃ/ ১৪১৬

তারিখ : ১৬/০৯/২০১৯ খ্রিঃ

প্রাপক,
প্রধান শিক্ষক,
সলিমুল্লাহ বালিকা উচ্চ বিদ্যালয়,
কালিগঞ্জ, ঝিনাইদহ।

বিষয়ঃ ব্যাখ্যা প্রদান প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে আপনার বিশেষ অবগতির জন্য জানানো যাচ্ছে যে, আঞ্চলিক পরিচালকের কার্যালয়, কারিগরি শিক্ষা অধিদপ্তর, খুলনা বিভাগ, খুলনা এর সহকারী আঞ্চলিক পরিদর্শক জনাব সুসান্ত কুমার সাহা আপনার প্রতিষ্ঠান পরিদর্শন শেষে বিভিন্ন বিষয় চিহ্নিত করে একখানা প্রতিবেদন দাখিল করেন। উক্ত প্রতিবেদনে দেখা যায় :

- ১। ব্যবহারিক ক্লাশ করানো হয় না।
- ২। ওয়ার্কশপে নির্মান শ্রমিকদের থাকার ব্যবস্থা করা হয়েছে।
- ৩। লক মেশিন অথলে রাখার জন্য নষ্ট হয়েছে।
- ৪। ফ্যাশন মেকার মেশিনে ধুলার আন্তরন পড়ে আছে এবং মেশিন নষ্ট হয়ে গেছে।
- ৫। জিগজাগ মেশিনে ধুলার আন্তরন পড়ে আছে এবং মেশিন নষ্ট হয়ে গেছে।
- ৬। সিংগেল স্টীচ ইন্ডাস্ট্রিয়াল মেশিনে ধুলার আন্তরন পড়ে আছে এবং মেশিন নষ্ট হয়ে গেছে।
- ৭। ইলেকট্রিক সুইং মেশিনে ধুলার আন্তরন পড়ে আছে এবং মেশিন নষ্ট হয়ে গেছে।
- ৮। প্যাডেল মেশিনে ধুলার আন্তরন পড়ে আছে এবং মেশিন নষ্ট হয়ে গেছে।
- ৯। কিছু সংখ্যক হ্যান্ড টুলস প্যাকেট বন্ধ অবস্থায় আছে।
- ১০। দীর্ঘদিন যাবত ওয়ার্কশপের ব্যবহার হয় না।
- ১১। ওয়ার্কশপের সামনে ময়লার স্তুপ জমে আছে।
- ১২। ওয়ার্কশপের ভিতরে নোংরা।
- ১৩। ওয়ার্কশপের ভিতর যত্রতত্র মালামাল ফেলে রাখা হয়েছে।
- ১৪। শিক্ষার্থী ভর্তির হার কম।
- ১৫। ইয়ার প্লান নেই।
- ১৬। ক্লাশ টেস্ট ও কুইজ টেস্ট নেওয়া হয় না।
- ১৭। অগ্রগতি কার্ড নেই।
- ১৮। বেতন রেজিস্টারে প্রতিষ্ঠান প্রধানের স্বাক্ষর নেই।
- ১৯। ক্লাশ রুটিনে কোন ব্যবহারিক ক্লাশ রাখা হয়নি।
- ২০। ব্যবহারিক ক্লাশের প্রতি শিক্ষকরা আন্তরিক নয়।
- ২১। সংশ্লিষ্টদের উদাসিনতার জন্য সরকার প্রদত্ত লক্ষ লক্ষ টাকার মালামাল ও যন্ত্রপাতি নষ্ট হয়েছে।
- ২২। প্রতিষ্ঠানে নাম মাত্র ভোকেশনাল কোর্স চলে, ভোকেশনালের কোন কার্যক্রম নেই।
- ২৩। ভোকেশনাল শাখার প্রতি কর্তৃপক্ষের উদাসিনতা রয়েছে।
- ২৪। সংশ্লিষ্টদের এহেন উদাসিনতার জন্য মাননীয় প্রধানমন্ত্রীর ভিশন-২১ বাস্তবায়নে অন্তরায় সৃষ্টি হয়েছে।

এমতাবস্থায় কেনো সংশ্লিষ্টদের বিরুদ্ধে বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করা হবেনা তার ব্যাখ্যা প্রদানসহ পরবর্তী ১০ কার্যদিবসের মধ্যে সকল যন্ত্রপাতি সচল, শতভাগ ব্যবহারিক ক্লাশ নিশ্চিত করণ এবং উল্লেখিত অসংগতিসমূহ দূর করে একটি প্রতিবেদন অত্র দপ্তরে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।



(অনিমেশ পাল)

আঞ্চলিক পরিচালক (অঃ দাঃ)

কারিগরি শিক্ষা অধিদপ্তর,

খুলনা বিভাগ, খুলনা-৯০০০।

তারিখঃ ১৬/০৯/২০১৯ খ্রিঃ

স্মারক নং- আঞ্চঃ পরিঃ/খুলঃ বিঃ/ ১৪১৬ (৭)

সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি প্রেরিত হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :

- ১। পরিচালক (পিআইডব্লিউ/ভোকেশনাল), কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
- ২। উপ-পরিচালক (মাউশি), খুলনা অঞ্চল।
- ৩। সহকারী পরিচালক (১/২/৩/৪/৫/৬/৭/৮/৯/১০), কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
- ৪। জেলা শিক্ষা অফিসার (মাধ্যমিক ও উচ্চ শিক্ষা), ঝিনাইদহ।
- ৫। উপজেলা নির্বাহী কর্মকর্তা, কালিগঞ্জ, ঝিনাইদহ।
- ৬। জনাব সুসান্ত কুমার সাহা, সহকারী আঞ্চলিক পরিদর্শক, অত্র দপ্তর।
- ৭। সংরক্ষণ নথি।


(অনিমেশ পাল)

আঞ্চলিক পরিচালক (অঃ দাঃ)

কারিগরি শিক্ষা অধিদপ্তর,

খুলনা বিভাগ, খুলনা-৯০০০।